


## বাংলাদেশ

# আগামীকাল জকসুর মেডিক্যাল ক্যাম্প, ১১ ধরনের স্বাস্থ্যসেবা পাবেন শিক্ষার্থীরা

প্রতিনিধি জগন্নাথ বিশ্ববিদ্যালয়

আপডেট: ১৬ মে ২০২৬, ২৩: ১৫



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছবি: সংগৃহীত

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদের (জকসু) উদ্যোগে আগামীকাল ১৭ মে বিশ্ববিদ্যালয়ে একটি মেডিক্যাল ক্যাম্প অনুষ্ঠিত হবে। শিক্ষার্থীদের জন্য আয়োজিত এ ক্যাম্পে বিনা মূল্যে বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শ, স্বাস্থ্য পরীক্ষা এবং প্রয়োজনীয় ওষুধ দেওয়া হবে বলে জানিয়েছে জকসু।

জকসু সূত্রে জানা যায়, আগামীকাল রোববার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন ও শহীদ মিনারের সামনে এই মেডিক্যাল ক্যাম্প অনুষ্ঠিত হবে। মেডিক্যাল ক্যাম্পের জন্য ২১টি বুথ প্রস্তুত করা হয়েছে। মেডিক্যাল ক্যাম্পে মেডিসিন, জেনারেল সার্জারি, গাইনোকোলজি ও অবস্টেট্রিকস, চর্মরোগ, নাক-কান-গলা (ইএনটি), ডেন্টাল, অর্থোপেডিকস, চক্ষু, হৃদরোগ, শ্বাসযন্ত্রের রোগ এবং মনোরোগ—এই ১১ বিভাগের চিকিৎসকেরা সেবা প্রদান করবেন।

মেডিক্যাল ক্যাম্পে প্রায় ৩০ জনের মতো চিকিৎসক থাকবেন, তাঁদের মধ্যে কয়েকজন অধ্যাপক ও সহকারী অধ্যাপক পদমর্যাদার চিকিৎসকও থাকবেন। মেডিক্যাল ক্যাম্পে ১০টি ফ্রি টেস্টের ব্যবস্থা রাখা হয়েছে।

জকসুর স্বাস্থ্য ও পরিবেশবিষয়ক সম্পাদক নূর মোহাম্মদ বলেন, ক্যাম্পে চিকিৎসকদের পরামর্শের পাশাপাশি বিভিন্ন প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা থাকবে। পোর্টেবল ইসিজি মেশিনসহ কয়েকটি প্রয়োজনীয় পরীক্ষা-সংক্রান্ত যন্ত্রপাতি ব্যবহার করে শিক্ষার্থীদের তাৎক্ষণিক স্বাস্থ্য পরীক্ষা করা হবে। সব পরীক্ষা ও চিকিৎসাসেবা শিক্ষার্থীদের জন্য সম্পূর্ণ বিনা মূল্যে দেওয়া হবে। এ ছাড়া চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী প্রয়োজনীয় প্রাথমিক ওষুধও বিনা মূল্যে বিতরণ করা হবে।

মেডিক্যাল ক্যাম্প আয়োজনের পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টারের সেবার মান উন্নয়নে জকসু কাজ করে যাচ্ছে বলে জানান নূর মোহাম্মদ।

